

বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন

সেগুনবাগিচা, ঢাকা

দুদক পরিচালক জালাল সাইফুর রহমান এর মৃত্যুতে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশনের শোক ও সমবেদনা

০৬ এপ্রিল ২০২০ঃ দুর্নীতি দমন কমিশন এর পরিচালক এবং বিসিএস (প্রশাসন) ক্যাডার এর সদস্য জালাল সাইফুর রহমান আজ সকাল ৭.৩০ ঘটিকায় ইন্তেকাল করেন (ইন্না-লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তিনি করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে কুয়েত মৈত্রী হাসপাতালে গত সোমবার হতে চিকিৎসাধীন ছিলেন। তাঁর অকাল মৃত্যুতে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন শোকাভিভূত এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে।

জালাল সাইফুর রহমান সরকারের একজন দক্ষ, সৎ এবং পরিশ্রমী কর্মকর্তা ছিলেন। বিসিএস ২২ (বাইশ) ব্যাচের উপসচিব পর্যায়ের এই কর্মকর্তা সুনামের সাথে এই পর্যন্ত তাঁর কর্মকাল অতিক্রম করেছেন। তাঁর অকাল মৃত্যুতে প্রজাতন্ত্রের একজন মেধাবী কর্মকর্তার সেবা থেকে দেশ বঞ্চিত হল। সর্বোপরি, তাঁর প্রয়াণে পরিবারে যে অসীম শূন্যতা তৈরি হয়েছে তাতে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা, সহমর্মিতা এবং একাত্মতা প্রকাশ করছে। এই সংকটময় সময়ে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন সাইফুরের পরিবারের পাশে আছে এবং তাঁর পরিবারকে মানসিক ও অন্যান্য সমর্থন প্রদানে সাধ্যমত প্রচেষ্টা করবে। একই সঙ্গে প্রয়োজনীয় সরকারী সহযোগিতা নিশ্চিতকল্পে এসোসিয়েশনের পূর্ণ সমর্থন অব্যাহত থাকবে।

এ প্রসঙ্গে উল্লেখ্য, বর্তমানে দেশ, জাতি এবং বিশ্ব এক ত্রাস্তিকাল অতিক্রম করছে। এ সময়ে করোনা ভাইরাসে মৃত্যুবরণকৃত সকল অকাল প্রয়াণে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন গভীর সমবেদনা প্রকাশ করছে।